

আজি গোধূলিলগনে এই বাদলগগনে
 তার চরণধ্বনি আমি হৃদয়ে গপি—
 'সে আসিবে' আমার মন বলে সারাবেলা,
 অকারণ পুলকে আঁখি ভাসে জলে ॥
 অধীর পবনে তার উত্তরীয় দূরের পরশন দিল কি ও
 রজনীগন্ধার পরিমলে 'সে আসিবে' আমার মন বলে ।
 উতলা হয়েছে মালতীর লতা, ফুরালো না তাহার মনের কথা ।
 বনে বনে আজি একি কানাকানি,
 কিসের বারতা ওরা পেয়েছে না জানি,
 কাঁপন লাগে দিগঙ্গনার বুকের আঁচলে—
 'সে আসিবে' আমার মন বলে ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Behag
 Visit www.geetabitan.com for notation and other detail